দৈনিক জনকণ্ঠ

তারিখ 18 MAY 2013
পৃষ্ঠা 20 কলাম 6

# জাবিতে ছাত্রলীগ নেতার বান্ধবীকে কটূক্তি করায় ৫ শিক্ষার্থীকে মারধর

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেলের বান্ধবীকে কটূক্তি করার অভিযোগে ৫ শিক্ষার্থীকে পিটিয়ে আহত করা হয়েছে। রাজিবের নেতৃত্বে ওই ছাত্রদের পেটানো হয়েছে। শনিবার রাত সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন্নেসা হলের পাশের রাস্তায় এ ঘটনা ঘটে। আহত শিক্ষার্থীদের সকলেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক ছাত্র বলে জানা গেছে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

(১৯ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## জাবিতে ছাত্রলীগ

(২০-এর পৃষ্ঠার পর)

হলের ৪৩তম ব্যাচের শিক্ষার্থী ফিরোজ (দর্শন), বিপ্লব (বাংলা), অনিক (ইতিহাস), জামি ও বাধন (নৃবিজ্ঞান) মেডিক্যাল সেন্টার থেকে ওষুধ নিয়ে ফজিলাতুন্নেসা হলের পাশ দিয়ে ফেরার পথে নিজেদের মধ্যে আপত্তিকর কথোপকথন করে হলের দিকে যাচ্ছিলেন। একই সময় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেল ফজিলাতুন্নেসা হলের পার্শ্ববর্তী রাস্তা দিয়ে রিকশায় তার বান্ধবীকে নিয়ে যাচ্ছিলেন। এ সময় তার বান্ধবীকে উদ্দেশ্য করে ওই ছাত্ররা কটূক্তি করে। পরে রাজিবের নেতৃত্বে শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা তাদের পিটিয়ে আহত করে। আহতদের প্রাথমিক চিকিৎসা দেয়ার জন্য মেডিক্যাল সেন্টারে নেয়া হয়। আহতদের মধ্যে ফিরোজ নামের একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে সাভারের একটি স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিকে এ ঘটনায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও শহীদ সালাম বরকত হলের ছাত্রলীগ নেতাকর্মীদের মাঝে উত্তেজনা বিরাজ করছে।

আহত শিক্ষার্থীরা সাংবাদিকদের বলেন, আমরা বন্ধুরা নিজেদের মধ্যে কথা বলছিলাম। আমরা কাউকে উদ্দেশ্য করে কোন কটূক্তি করিনি।

এ বিষয়ে শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেল সাংবাদিকদের বলেন, 'আমি আমার কাজিনকে নিয়ে রিক্সা দিয়ে যাওয়ার সময় তারা পাশ থেকে কটূক্তি করে। তাই তাদেরকে শাসন করে প্রক্টরিয়াল বডির কাছে তুলে দেয়া হয়েছে। আশা করি প্রশাসন এদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে।'